**তথ্য অধিকার আইন-২০০৯ এবং তথ্য অধিকার বিষয়ে বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী বাংলাদেশ টেলিভিশনের ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন প্রণয়নের লক্ষ্যে ঢাকা কেন্দ্রের অনুষ্ঠান, বার্তা, লাইব্রেরী ও আর্কাইভস এবং প্রকৌশল শাখার বার্ষিক প্রতিবেদন:**

**অনুষ্ঠান শাখা:**

বাংলাদেশ টেলিভিশন বিশ্বে বাংলা ভাষার প্রথম টিভি চ্যানেল। ২৫ ডিসেম্বর ১৯৬৪ সালে তৎকালীন ডি.আই.টি ভবন থেকে এর যাত্রা শুরু। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐকান্তিক প্রচেষ্টায় আধুনিক প্রযুক্তি নির্ভর হয়ে ১৯৭৫ সালের ০৯ ফেব্রুয়ারি বিটিভি ডিআইটির ক্ষুদ্র পরিসর থেকে পা রাখে রামপুরার বৃহৎ আঙ্গিনায়। প্রচার জগতে সূচনা হয় এক নতুন অধ্যায়ের।

**অনুষ্ঠান পরিচিতি:** রাষ্ট্রীয় গণমাধ্যম হিসেবে বিটিভি সব শ্রেণির দর্শককে বিবেচনায় রেখে অনুষ্ঠান পরিকল্পনা করে। বাঙালির ইতিহাস, ঐতিহ্য, সংস্কৃতি, শিক্ষা, মহান মুক্তিযুদ্ধ প্রভৃতি বিটিভির অনুষ্ঠানের মূল উপজীব্য । এছাড়াও বিটিভি নির্মল, সুস্থধারার বিনোদনমূলক এবং তথ্য-প্রযুক্তি নির্ভর অনুষ্ঠান প্রচার করে। সরকারের সাথে জনগণের সেতুবন্ধন এবং মানুষের দৃষ্টিভঙ্গির ইতিবাচক পরিবর্তনের কাজও বিটিভির অন্যতম লক্ষ্য ও উদ্দেশ্য।

**ফিক্সড পয়েন্ট চার্ট:** মহাপরিচালক/উপমহাপরিচালক (অনুষ্ঠান)-এর নেতৃত্বে গঠিত কমিটির মাধ্যমে প্রতি ০৩ (তিন) মাস পর পর অনুষ্ঠানমালা ও প্রচারসূচি নির্ধারণ করে এবং এটি ত্রৈমাসিক প্রচারসূচি হিসেবে প্রকাশ করা হয়। প্রসঙ্গত বিশেষ অনুষ্ঠানসমূহের তালিকা আলাদাভাবে তৈরি করা হয়।

**অনুষ্ঠান প্রযোজনার দায়িত্ব বণ্টন:** অনুমোদিত ত্রৈমাসিক প্রচারসূচি প্রকাশ হওয়ার পর জেনারেল ম্যানেজার-এর অনুমোদনক্রমে কন্ট্রোলার/প্রোগ্রাম ম্যানেজার (প্রশাসন) প্রযোজকগণের মধ্যে দায়িত্ব বণ্টন করেন।

**অনুষ্ঠান নির্মাণ:** ত্রৈমাসিক প্রচারসূচি মোতাবেক সংশ্লিষ্ট কন্ট্রোলার/প্রোগ্রাম ম্যানেজার/ অনুষ্ঠান নির্বাহী-এর তত্ত্বাবধানে দায়িত্বপ্রাপ্ত প্রযোজকগণ অনুষ্ঠানের বিষয়বস্তু নির্ধারণ, শিল্পী চূড়ান্তকরণ, আউটডোর/ইনডোরে ধারণ এবং সম্পাদনাপূর্বক অনুষ্ঠানটি সম্প্রচারের জন্য উপস্থাপনা অনুশাখায় জমা প্রদান করেন।

**অনুষ্ঠান প্রযোজনা:**

০১। **অনুষ্ঠান ধারণপূর্ব স্তর/ধাপসমূহ -**

ক. পরিকল্পনা;
খ. গবেষণা (বিষয়বস্তু/দর্শক নির্ধারণ);
গ. স্ক্রিপ্ট লিখন;
ঘ. স্টোরিবোর্ড তৈরিকরণ;
ঙ. স্টুডিও/শ্যুটিং স্থান নির্ধারণ এবং মহড়া করা;
চ. শিল্পী চূড়ান্তকরণ এবং তালিকার অনুমোদন গ্রহণ;
ছ. বাজেট পূর্বানুমোদন গ্রহণ;
জ. সিজি প্রস্তুতকরণ;
ঝ. টেবিল/ড্রাই রিহার্সেল;
ঞ. Crews নির্ধারণ;
ট. শ্যুটিং যন্ত্রপাতি সংগ্রহ/চাহিদা অনুমোদন গ্রহণ;

চলমান পাতা-০২

ঠ. শিল্প নির্দেশক কর্তৃক দৃশ্যপট রচনা এবং সেই অনুযায়ী ফ্লোর ম্যাপ এবং সেট/মঞ্চ নির্মাণ/বহির্দৃশ্য রচনা;

ড. মেকআপ/কস্টিউমস/রূপসজ্জার চাহিদা অনুমোদন/সংগ্রহ;

ঢ. শুটিং টাইমলাইন নির্ধারণ;

ণ. প্রয়োজনীয় ক্যাসেট/ট্যাপ/মোমোরি কার্ড/Portable Disk সংগ্রহ।

০২। **অনুষ্ঠান ধারণকালে প্রযোজকগণ নিম্নোক্ত কাজ করেন:**

ক. শিল্পী এবং কলাকুশলীদের একত্রীকরণ;

খ. মেশিনারি সেটআপ পর্যবেক্ষণপূর্বক অনুষ্ঠান নির্মাণ করা;

গ. মেকআপ/রূপসজ্জা সম্পন্নকরণ শেষে অনুষ্ঠান ধারণের ব্যবস্থা গ্রহণ করা;

ঘ. প্রস্তুতকৃত সেট/মঞ্চ/লোকেশন-এর উপযোগিতা যাচাইপূর্বক অনুষ্ঠান ধারণ করা;

ঙ. নির্ধারিত সময়ে শ্যুটিং আরম্ভ এবং শেষ করা;

চ. Ship of Captain হিসেবে অনুষ্ঠানের সার্বিক সমন্বয় ও শৃঙ্খলা বজায় রাখা।

০৩। **অনুষ্ঠান ধারণ পরবর্তীকলে প্রযোজকগণ নিম্নোক্ত কাজ করেন:**

ক. ভিডিও এডিটিং;

খ. টাইটেল/সিজি সংযোগ/যুক্তকরণ;

গ. শব্দ গ্রহণ সম্পাদনা এবং মিশ্রণ;

ঘ. ডাবিং/নেপথ্য কণ্ঠ সংযোজন;

ঙ. ভিজ্যুয়াল ইফেক্ট সংযুক্তকরণ;

চ. Third ID/সুপার ইনপুট;

ছ. Crew list/Costing তালিকা সংযুক্তকরণ;

জ. প্রমো তৈরি;

ঝ. বাজেট অনুমোদন এবং সম্মানীর জন্য সম্মানী শাখায় প্রেরণ;

ঞ. পুন:সম্পাদন।

**<u>ছাড়পত্র এবং সম্প্রচার:</u>** নির্মিত/চূড়ান্তকৃত অনুষ্ঠানটি কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করা হয় এবং কর্তৃপক্ষের ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে সম্প্রচারের জন্য উপস্থাপনা অনুশাখায় জমা করা হয়। পূর্বে নির্ধারিত সময়সূচি অনুযায়ী (ফিক্সড পয়েন্ট চার্ট) নির্ধারিত সময়ে অনুষ্ঠান সম্প্রচারিত হয়। বাংলাদেশ টেলিভিশনে (বিটিভি) সম্প্রচারিত অনুষ্ঠানগুলো BTV National, BTV World, BTV Facebook/YouTube-এ সম্প্রচার করা হয়।

**<u>দর্শক গবেষণা/মতামত সংগ্রহ:</u>** অডিয়্যান্স রিসার্চ সেলে প্রাপ্ত ই-মেইল/টেলিফোন/পত্র/স্যোসাল মিডিয়ার লাইক/শেয়ার/কমেন্ট নিয়ে গবেষণা/জরিপ/দর্শক গ্রহণযোগ্যতা নির্ধারণ করেন।

চলমান পাতা-০৩

**বার্ষিক অনুষ্ঠান সম্প্রচার:**

বাংলাদেশ টেলিভিশনে ২০২১-২০২২ অর্থ বৎসরে বিভিন্ন বিনোদনমূলক অনুষ্ঠান, বার্তা, উন্নয়নমূলক অনুষ্ঠান, ম্যাগাজিন অনুষ্ঠান, প্যাকেজ অনুষ্ঠান, দেশী ও বিদেশী চলচ্চিত্র, জনসচেতনতা ও উন্নয়নমূলক স্পট ও শ্লোগান এবং বিজ্ঞাপন সহ নিজস্ব প্রযোজিত অনুষ্ঠান এবং প্যাকেজের আওতায় ১৯ টি ক্যাটাগরিতে মোট ৬৪৫৮ ঘন্টা ৩৭ মিনিট প্রচারিত হয়েছে।

**১৯টি ক্যাটাগরিতে ২০২১-২০২২ অর্থ বছরে বিটিভির সম্প্রচার কার্যক্রমের লক্ষ্যমাত্রা ও অর্জিত মাত্রা নিম্নরুপ:**

| ক্র: নং | অনুষ্ঠানের বিষয় | লক্ষ্যমাত্রা | | | অর্জিত মাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | ঘন্টা | মিনিট | শতকরা | ঘন্টা | মিনিট | শতকরা |
| ০১. | উন্নয়নমূলক অনুষ্ঠান | ২২০ | ০০ | ৩.৪৩% | ৭৫ | ০৭ | ১.১৬% |
| ০২. | শিক্ষামূলক অনুষ্ঠান | ২০০ | ০০ | ৩.১২% | ৮৪ | ৫৫ | ১.৩১% |
| ০৩. | কৃষি, বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক অনুষ্ঠান | ২৩৫ | ০০ | ৩.৬৬% | ২২৩ | ৫৪ | ৩.৪৭% |
| ০৪. | স্বাস্থ্য পুষ্টি ও পরিবার কল্যাণ বিষয়ক অনুষ্ঠান | ১৯৫ | ০০ | ৩.০৪% | ২১৭ | ৪১ | ৩.৩৭% |
| ০৫. | ইতিহাস, ঐতিহ্য, প্রকৃতি-পরিবেশ ও পর্যটন বিষয়ক অনুষ্ঠান | ৮১ | ০০ | ১.২৬% | ৫০ | ১৩ | ০.৭৮% |
| ০৬. | জনসচেতনতা ও উন্নয়নমূলক স্পট ও শ্লোগান | ৬৫০ | ০০ | ১০.১৩% | ৬১২ | ২৫ | ৯.৪৮% |
| ০৭. | ধর্মীয় অনুষ্ঠান | ৩০০ | ০০ | ৪.৬৮% | ৩২০ | ৫৩ | ৪.৯৭% |
| ০৮. | ক্রীড়া অনুষ্ঠান | ১৫৫ | ০০ | ২.৪২% | ৫৬ | ৪৩ | ০.৮৮% |
| ০৯. | বিনোদনমূলক অনুষ্ঠান | ১২১০ | ০০ | ১৮.৮৬ | ৯০০ | ৫০ | ১৩.৯৫% |
| ১০. | মহিলা বিষয়ক অনুষ্ঠান | ৪৬ | ০০ | ০.৭২% | ৯৫ | ৫২ | ১.৪৮% |
| ১১. | শিশু কিশোরদের অনুষ্ঠান | ১২৬ | ০০ | ১.৯৬% | ৫৮ | ৪০ | ০.৯১% |
| ১২. | অন্যান্য অনুষ্ঠান | ২৪০ | ০০ | ৩.৭৪% | ৬৭২ | ৪৫ | ১০.৪২% |
| ১৩. | বিশেষ অনুষ্ঠান | ২০০ | ০০ | ৩.১২% | ৪০৮ | ৫২ | ৬.৩৩% |
| ১৪. | সরাসরি সম্প্রচারিত অনুষ্ঠান | ৯০০ | ০০ | ১৪.০৩% | ৯৯৩ | ৩৯ | ১৫.৩৮% |
| ১৫. | বিটিভি প্রযোজিত সংবাদ | ৮৮২ | ০০ | ১৩.৭৫% | ১১১৭ | ৩১ | ১৭.৩০% |
| ১৬. | সংবাদ ও বার্তা বিষয়ক অনুষ্ঠান | ৮৩ | ০০ | ১.২৯% | ৬৯ | ৩২ | ১.০৮% |
| ১৭. | প্যাকেজ অনুষ্ঠান | ২০০ | ০০ | ৩.১২% | ১৫১ | ২০ | ২.৩৪% |
| ১৮. | দেশী বিদেশী চলচ্চিত্র এবং অনুষ্ঠান | ২৬৪ | ০০ | ৪.১১% | ২৫৭ | ১৭ | ৩.৯৮% |
| ১৯. | বিনি বিজ্ঞাপন | ২০০ | ০০ | ৩.১২% | ৯০ | ২০ | ১.৪০% |

**সর্বমোট সম্প্রচার কার্যক্রমের শতকরা হার :**

| লক্ষ্যমাত্রা | অর্জিতমাত্রা | শতকরা |
|---|---|---|
| ৬৩৮৭ ঘন্টা | ৬৪৫৮ ঘন্টা | ১০১.১১% |

চলমান পাতা-০৪

## বর্তা শাখার কার্যক্রম:

### (৩) বার্তা শাখা

বাংলাদেশ টেলিভিশনের বার্তা শাখা দেশ ও বিদেশের বস্তুনিষ্ঠ তথ্যভিত্তিক সংবাদ ও প্রতিবেদন চিত্রসহ প্রচার করে। সরকারের যাবতীয় কর্মকান্ডসহ সরকার গৃহীত উন্নয়নমূলক কার্যাবলির খবর জনগণের কাছে পৌঁছে দিয়ে জনগণের দৃষ্টিভঙ্গির ইতিবাচক পরিবর্তন এবং জনগণের সাথে সরকারের সেতুবন্ধন রচনা করে বার্তা শাখা। একই সাথে জনগণের তথ্য প্রাপ্তির অধিকার নিশ্চিত করা বার্তা শাখার অন্যতম কাজ। আধুনিক প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে বিটিভির সংবাদ আকর্ষণীয়, বৈচিত্র্যপূর্ণ ও দৃষ্টিনন্দন করা হয়েছে। তালিকাভুক্ত সংবাদ পাঠক/পাঠিকা এবং কর্মকর্তা ও রিপোর্টারদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। বাক ও শ্রবণ প্রতিবন্ধীদের জন্য প্রতিদিন বিটিভির ১টি বুলেটিন ইশারা ভাষায় উপস্থাপন করা হচ্ছে।

জাতীয় সংবাদসহ বিটিভির সকল সংবাদে কৃষি বিষয়ক সংবাদ সংযোজন করা হয়েছে। জাতীয় শোকদিবস ও জাতির পিতার জন্মশতবার্ষিকী, ভাষার মাস, মহান স্বাধীনতা ও জাতীয় দিবস এবং বিজয়দিবসের উপর ভিত্তি করে মাসব্যাপী প্রতিবেদন, অন্যান্য বিশেষ দিবসের উপর প্রতিবেদন, তথ্য অধিকার প্রতিষ্ঠায় গণসচেতনতা সৃষ্টি, শিক্ষা, স্বাস্থ্য, পুষ্টি, নারী ও শিশু অধিকার, দারিদ্র্য-বিমোচন, জনসংখ্যা নিয়ন্ত্রণ, পরিবেশ উন্নয়ন, পর্যটন এবং কৃষির উপর প্রতিবেদন প্রস্তুত ও প্রচার করা হচ্ছে।

এছাড়াও মাননীয় প্রধানমন্ত্রীর ১০টি বিশেষ উদ্যোগ নিয়ে বিশেষ প্রতিবেদন, রোহিঙ্গা ইস্যু সংক্রান্ত সংবাদ প্রতিবেদন প্রচার করছে বার্তা শাখা, যা এখনও চলমান।

### সংবাদ পরিকল্পনা:

মহাপরিচালক মহোদয়ের নির্দেশনায় এবং উপমহাপরিচালক (বার্তা) এর সরাসরি তত্ত্বাবধানে জাতীয় গুরুত্বপূর্ণ বিভিন্ন বিষয়ের ওপর আগে থেকেই বিশেষ প্রতিবেদনের জন্য পরিকল্পনা প্রণয়ন করা হয়। এছাড়া নিয়মিত সংবাদ সংগ্রহের জন্য আগের দিন রাতে মুখ্য বার্তা সম্পাদক, মুখ্য চিত্রগ্রাহক এবং অ্যাসাইনমেন্ট এডিটরের তত্ত্বাবধানে একটি কাভারেজ প্ল্যানিং করা হয়।

### সংবাদ সংগ্রহ:

বিটিভির নিজস্ব রিপোর্টিং ইউনিট, ৬৪ জেলা প্রতিনিধি, বাসস, ইউএনবি, এএফপি এবং এশিয়া ভিশন নিউজ এক্সচেঞ্জের মাধ্যমে বার্তা কক্ষে সংবাদ সংগ্রহ করা হয়। মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রীর সংবাদ সংগ্রহের জন্য নির্দিষ্ট প্রযোজক রয়েছেন। এছাড়াও প্রযোজকগণ বিশেষ উন্নয়ন প্রতিবেদনের জন্য দেশের বিভিন্ন স্থান থেকে সংবাদ সংগ্রহ ও চিত্র ধারণ করেন।

চলমান পাতা-০৫

**সংবাদ এডিটিং ও প্রোডাকশন:**

মুখ্যবার্তা সম্পাদকের নেতৃত্বে বার্তা সম্পাদক, নির্বাহী প্রযোজক, প্রযোজক, এবং ভিডিও এডিটরগণ সংগৃহীত সংবাদের স্ক্রিপ্ট চূড়ান্তকরণ, ভিডিও এডিটিং, অ্যাস্টন ও গ্র্যাফিক্স তৈরি, নেপথ্য কণ্ঠ সংযোজন, Download সম্পন্নকরণ শেষে প্রচারের জন্য সার্ভারে প্রেরণ করেন। এই কাজগুলো সম্পন্ন করার জন্য প্রতিটি বুলেটিনে নির্ধারিত সম্পাদকীয় প্যানেল এবং প্রযোজক থাকেন।

**সংবাদ ট্রান্সমিশন:**

টেলিভিশনে বার্তা শাখার কাজের পূর্ণতা পায় স্ক্রিনে সংবাদ উপস্থাপকের মাধ্যমে। প্যানেল প্রযোজকের নির্দেশনায় প্রকৌশল ও অন্যান্য শাখার সমন্বয়ে উপস্থাপক, স্ক্রিপ্ট ও ছবির ত্রিমাত্রিক ব্যঞ্জনায় দর্শক-শ্রোতার কাছে পৌঁছে সংবাদ। প্রসঙ্গত একটি প্রতিযোগিতামূলক যাচাই-বাছাইয়ের মধ্য দিয়ে সংবাদ উপস্থাপকদের তালিকাভুক্ত করা হয়।

**২০২১-২২ অর্থ বছরে বার্তা শাখার উল্লেখযোগ্য বিশেষ কার্যক্রম:**

- ২০২১-২০২২ অর্থ বছরে স্বাধীনতার পরে জাতীয় জীবনের অন্যতম গুরুত্বপূর্ণ অর্জন স্বপ্নের পদ্মা সেতুর উদ্বোধন। বার্তা বিভাগ জাতির এই যুগান্তকারী অর্জন পদ্মা সেতু নিয়ে ধারাবাহিকভাবে প্রতিবেদন প্রচার করে। এছাড়া **'স্বপ্ন নয়, বাস্তব'** শিরোনামে ১০ পর্বের অনুষ্ঠান নির্মাণ ও প্রচার করে।

- দেশের বাইরের সংবাদকে আরো বৈচিত্র্যময় এবং আকর্ষণীয় করতে বার্তা সংস্থা এএফপি'র ফুটেজ ও সংবাদ ক্রয় সংক্রান্ত একটি চুক্তি স্বাক্ষরিত হয়েছে। এর ফলে ইউটিউব ও অন্যান্য সোর্সের পরিবর্তে বিটিভির নিজস্ব ফুটেজ ও স্ক্রিপ্ট ব্যবহার করা সম্ভব হচ্ছে।

- নিজস্ব মোবাইল এ্যাপের মাধ্যমে ঘটনাস্থল থেকে সংবাদে সরাসরি (লাইভ) সম্প্রচার শুরু হয়েছে।এর আগে বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যম-জুম, হোয়াটস অ্যাপ, স্কাইপ, ফেসবুক ইত্যাদি ব্যবহার করে সংবাদে সরাসরি (লাইভ) সম্প্রচার করা হতো;বিভিন্ন জেলা থেকে লাইভ সংবাদ প্রচারের পরিধি বেড়েছে;প্রটোকল সংবাদের পাশাপাশি সরকারের বিভিন্ন উন্নয়নমূলক কর্মকাণ্ডের উপর সংবাদ প্রচারে সর্বাধিক গুরুত্ব প্রদান;

- ঢাকার বাইরের সংবাদ চিত্রের মান উন্নত করার লক্ষ্যে প্রথমবারের মতো ৮ বিভাগীয়সহ ১০ গুরুত্বপূর্ণ জেলার প্রতিনিধিদের ক্যামেরা সরবরাহ করা হয়েছে।

- এই সময়ে সংবাদ উপস্থাপনাকে আরো সাবলীল ও আকর্ষণীয় করার লক্ষ্যে ১০ জন করে ইংরেজী ও বাংলা সংবাদ পাঠক-পাঠিকা তালিকাভূক্তিকরণ করা হয়েছে।

- দ্রুত সংবাদ পাঠানো, লাইভ সম্প্রচারসহ সংবাদ সংশ্লিষ্ট বিষয়ে জেলা প্রতিনিধিদের দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ এবং সংবাদ পাঠক-পাঠিকা এবং জেলা প্রতিনিধিদের নিয়ে অংশীজন মতবিনিময় এবং প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে।

➢ চলমান পাতা-০৬

➢ বার্তা শাখা থেকে নিয়মিতভাবে বেশ কয়েকটি সাপ্তাহিক, মাসিক ও ত্রৈমাসিক অনুষ্ঠান প্রচারিত হয়। এগুলো **হলো: সমৃদ্ধির অগ্রযাত্রায় বাংলাদেশ, এ সপ্তাহের সংস্কৃতি, এ সপ্তাহের বিশ্ব, এ সপ্তাহের খেলাধুলা ও এ সময়ের অর্থনীতি।**

➢ এছাড়াও মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিভিন্ন কার্যক্রমের কাভারেজ নিয়ে **'এগিয়ে যাচ্ছে বাংলাদেশ'** শিরোনামে একটি বিশেষ অনুষ্ঠান নিয়মিতভাবে প্রচারিত হয়।

**প্রতিদিন নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী বাংলাদেশ টেলিভিশনে সংবাদ প্রচার হচ্ছে:**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ০১. | সকালের সংবাদ | সকাল ৮:০০ মি. | ০২. | The News | সকাল ১০:০০ মি. |
| ০৩. | মধ্যাহ্নের সংবাদ | দুপুর ১২:০০ মি. | ০৪. | দুপুর ২টার সংবাদ | বেলা ২:০০ মি. |
| ০৫. | The News | বিকাল ৫:০০ মি. | ০৬. | দেশ জনপদ খবর | সন্ধ্যা ৬ :০০ মি. |
| ০৭. | আটটার সংবাদ | রাত ৮:০০ মি. | ০৮. | The News | রাত ১০.০০ মি. |
| ০৯. | রাতের সংবাদ | রাত ১১.৩০ মি. | ১০. | রাতের সংবাদ | রাত ০২:০০ মি. |

প্রকৌশল শাখা:

১. গত ২৫শে ডিসেম্বর ২০২১ তারিখ থেকে বিটিভির অনুষ্ঠান HD পদ্ধতিতে সম্প্রচার করা হচ্ছে। ছবি ও শব্দের মান ভালো থাকায় দর্শকের কাছে বিটিভি এর গুরুত্ব বৃদ্ধি পেয়েছে।

২. News Studio, Talk studio এবং Auditorium এ নতুন Audio Console স্থাপন করা হয়েছে। এতে Audio কার্যক্রমের মান, Audio quality ভালো হয়েছে। ভালো মানের শ্রুতিমধুর Audio output পাওয়া যাচ্ছে।

৩. কন্ট্রোলরুমের Video Streaming Encoder ও Deecoder স্থাপন করা হয়েছে। এতে দূরবর্তী স্থান হতে Internet streaming করে সরাসরি সম্প্রচারের কার্যক্রম চলমান রয়েছে। পদ্মা সেতু উদ্বোধনের সময় এটি ব্যবহৃত হয়েছে।

৪. News studio তে নতুন প্রযুক্তির video switcher স্থাপন করা হয়েছে। এই switcher এ channel multi-biewer Function, Diverse DVE Transition, various keyers, Upstream key, downstream key, Menory function, softwere control panel সহ নতুন function এর মাধ্যমে High Defination (HD) উপযোগী সম্প্রচার ব্যবস্থা নিশ্চিত করা হয়েছে।

চলমান পাতা-০৭

৫.News স্টুডিওতে Mobile News Application Server ব্যবহার করে দেশেরে বিভিন্ন স্থান হতে মোবাইলের মাধ্যমে সরাসরি নিউজ সম্প্রচার কর্যক্রম শুরু হয়েছে।

৬. ২ নং স্টুডিও, ৩ নং স্টুডিও এবং অডিটোরিয়ামে Audio Management System স্থাপন করা হয়েছে। এতে অনুষ্ঠান রেকর্ডিং এ অডিও এর মান উন্নত হয়েছে।

৭. কন্ট্রোলরুমে ১২০ KVA UPS স্থাপন করা হয়েছে। এটির মাধ্যমে নতুন স্যাটেলাইট আর্থস্টেশন, সংসদ বাংলাদেশ টেলিভিশন ও বিটিভি ওয়ার্ল্ডে power Backup প্রদান করা হচ্ছে।

৮. সংসদ অধিবেশনসহ বাংলাদেশের বিভিন্ন প্রান্ত থেকে সরাসরি ইন্টারনেটে অনুষ্ঠানের সিগন্যাল প্রেরণের জন্য Live Stream HD Streaming Device ক্রয়পূর্বক স্থাপন করা হয়েছে। সরাসরি সম্প্রচার ছাড়াও Signal Streaming করার কাজে এই ডিভাইস ব্যবহার করা যাবে।

৯. মাস্টার কন্ট্রোল রুমের আওতাধীন D-sub V-mix softwere ব্যবহার করা হচ্ছে। এর মাধ্যমে Virtual Set তৈরি করে program ও News পরিচালনা করা সম্ভব। এছাড়াও প্রয়োজনীয় ক্ষেত্রে Program ওNews এর জন্য বিভিন্ন ধরনের Back Ground তৈরি করা সম্ভব।

১০ Digital Studio: Digital Studio তে Digital forma এ V-Mix Software এর মাধ্যমে virtual Studio তৈরি করে অনুষ্ঠান ধারণ করা হয়ে থাকে।

১১. Play out server: MCR এর আওতাধীন D-sub স্টুডিওতে নতুন Play out server স্থাপন করা হয়েছে। Play out server এ Software এর মাধ্যমে অনুষ্ঠানের Schedule তৈরি করে অনুষ্ঠান সম্প্রচারে Digital প্রযুক্তির ব্যবহার করা হচ্ছে।

**<u>আর্কাইভস ও লাইব্রেরী:</u>**

(ক) বিটিভিতে প্রচারিত অনুষ্ঠানসমূহ আর্কাইভস ও লাইব্রেরীতে ডিজিটাল ফরমেটে হার্ডডিক্স ড্রাইভে সংরক্ষণ করা হচ্ছে।

(খ) একটি স্টোরেজ কাঠামো ও ডিজিটাল ইনডেক্স তৈরি করা হয়েছ্ অটোমেশন না হওয়া পর্যন্ত আপতত: ইনডেক্স কার্যকরী করা সম্ভব হচ্ছে না।

(গ) বিটিভি আর্কাইভস ও লাইব্রেরীতে সংরক্ষিত ফিল্মসমূহ ডিজিটাল ফরমেটে পরিবর্তনের লক্ষ্যে বাংলাদেশ ফিল্ম আর্কাইভসে প্রেরণ করা হয়েছে।

সিনিয়র সিস্টেম এনালিস্ট এর কার্যালয়
ডাইরী নং- ৬০৬৮ ...তারিখ- ২৭/১০/২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ টেলিভিশন
ঢাকা কেন্দ্র
রামপুরা, ঢাকা।

নং-ডিটিভিএ-৩৫৭/ ৬০৬১

তারিখঃ ২৮ আশ্বিন ১৪২৭ বঙ্গাব্দ
১৬ অক্টোবর ২০২১ খ্রিস্টাব্দ

বিষয় : ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন হালনাগাদ।

উপর্যুক্ত বিষয়ের বাংলাদেশ টেলিভিশন, ঢাকা কেন্দ্রের ২০২১-২০২২ অর্থ বছরের তথ্য অধিকার আইন ২০০৯ ও তথ্য অধিকার বিষয়ে হালনাগাদ প্রতিবেদন বিটিভির ওয়েবসাইটে প্রকাশের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ সাথে প্রেরণ করা হলো

২৬/১০/২২

নাসির মাহমুদ
জেনারেল ম্যানেজার (অ: দা:)

সিনিয়র সিস্টেম এনালিস্ট
বাংলাদেশ টেলিভিশন
রামপুরা, ঢাকা।

| সিনিয়র সিস্টেম এনালিস্ট এর কার্যালয় | |
|---|---|
| সিস্টেম এনালিস্ট | ☐ প্রয়োজনীয় ব্যবস্থা নিন |
| প্রোগ্রামার-১ | ☐ উপস্থাপন করুন |
| প্রোগ্রামার-২ | ☐ কথা বলুন |
| পিএ | ☐ তাগিদ দিন |
| | |
| | সিনিয়র সিস্টেম এনালিস্ট |

Sikder 27/10/22